# মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি এপ্রিল/২০২৫ মাসের সভার কার্য বিবরণী

সভাপতি ঃ মোঃ আমিনুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, কাহারোল, দিনাজপুর।
তারিখ ঃ ০৭/০৪/২০২৫
গময় ঃ সকাল ১১.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যদের নাম, পদবী ও স্বাক্ষর

| ক্রঃ নং | নাম ও পদবী | সদস্যদের পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার । | সভাপতি | |
| ০২ | উপজেলা মৎস্য অফিসার, কাহারোল, দিনাজপুর । | সদস্য | |
| ০৩ | উপজেলা সমবায় অফিসার, কাহারোল, দিনাজপুর। | সদস্য | |
| ০৪ | চেয়ারম্যান, ২নং রসুলপুর ইউনিয়ন, কাহারোল, দিনাজপুর। | | |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কাহারোল, দিনাজপুর। | সদস্য সচিব | |

আলোচ্য সূচী ঃ

১। প্রাণিসম্পদ বিভাগের আলোচনা।
২। মৎস্য বিভাগের আলোচনা।
৩। বিবিধ।

সভাপতি সভার সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন এবং আলোচ্য সুচী অনুযায়ী সভার বিষয় উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিব উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কাহারোল, দিনাজপুরকে আহবান জানান।

সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব, উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভার সূচী উপস্থাপন করেন।

**প্রাণিসম্পদ বিভাগের আলোচনা ঃ**

কোরবানির হাটে ভ্যাটেনারী মেডিকেল ক্যাম্প কাযক্রম চলমান।সামনে ইদ উপলক্ষ্যে হাটগুলোতে বিশেষ নজরদারীর ব্যবস্থা রাখা হয়েছে। কসাইদের একদিন ব্যাপী ট্রেনিং কাযক্রম সমাপ্ত করা হয়েছে।এল ডিডিপি এর মাসিক ট্রেনিং কাযক্রম চলমান রয়েছে।সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠির আথ-সামাজিক ও জীবনমান উন্নয়নের লক্ষ্যে সমম্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প এর কাযক্রম চলমান।প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প এর কাযক্রম চলমান।

**মৎস্য বিভাগের আলোচনা ঃ**

বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি অনুযায়ী কার্যক্রম পরিচালিত হয়। ২০২৪-২৫ অর্থ বছরে রাজস্ব বাজেটের আওতায় ১০০ জন পুকুর মালিকগণদের বিভিন্ন ক্যাটাগরিতে ট্রেনিং প্রদান এবং ১ জন পুকুর মালিককে দেশীয় প্রজাতির মাছ চাষে জন্য উদ্ভুদ্ধকরণের জন্য প্রদশর্নী প্রদান করা হয়। মৎস্য দপ্তরের আওতায় মৎস্য সম্পদ রক্ষার জন্য বিভিন্ন জলাশয় ও নদীতে অভিযান চালিয়ে নিষিদ্ধ জাল (কারেন্ট জাল, চায়না দুয়ারি) জব্দ করে তা বিনষ্ঠ করা হয়। উপজেলা মৎস্য দপ্তরে কার্য দিবসে সর্বসাধারণের জন্য মাছ চাষ বিষয়ক পরামর্শ, মাছের রোগ-বালাই নির্ণয় ও পানি পরিক্ষা করা হয়। মৎস্য খাদ্য বিক্রেতাদের জন্য খাদ্য বিক্রয়ের লাইসেন্স প্রদান, নবায়নসহ বিভিন্ন বাজার পরিদর্শন করে খাদ্য বিক্রেতার লাইসেন্স এর তদারকি করা হয়ে থাকে। এছাড়া ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট (মৎস্য অধিদপ্তর অংশ) প্রকল্পের আওতায় কাহারোল উপজেলা ২ টি ইউনিয়নের বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভা সমাপ্ত ঘোষনা করেন।

০৭/০৪/২০২৫

মো ঃ আমিনুল ইসলাম
সভাপতি
মৎস্য ও প্রাণি বিষয়ক স্থায়ী কমিটি
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
কাহারোল, দিনাজপুর।

স্বারক নং- ৩৩.০২.২৭৫৬.৫০১.২৭.০০৩.২০.০৮

তারিখ: ০৭/০৪/২০২৫ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। পরিচালক, মৎস্য অধিদপ্তর, রংপুর বিভাগ, রংপুর।
০২। জেলা মৎস্য কর্মকর্তা, দিনাজপুর।
০৩। উপজেলা নিবাহী অফিসার, কাহারোল, দিনাজপুর।
০৪। উপজেলা................(সদস্য মৎস্য সম্পদ রক্ষায় কাহারোল উপজেলার স্থায়ী কমিটি) কাহারোল, দিনাজপুর।
০৫। অফিস কপি।

(মোছাঃ জোবায়দা নাজনীন)
উপজেলা মৎস্য কর্মকর্তা
কাহারোল, দিনাজপুর।